



বাউবি/পরীক্ষা/এস.এস.সি/০১/৯৬/ ২২২২

তারিখ: ২৭/০৬/২০১৭ খ্রি:

আঞ্চলিক পরিচালক
আঞ্চলিক কেন্দ্র (সকল)
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।


বিষয়: এস.এস.সি পরীক্ষা-২০১৮ এ অংশগ্রহণে ১ম ও ২য় বর্ষের বিষয়ভিত্তিক শিক্ষার্থী
তালিকা প্রেরণ প্রসঙ্গে।

জনাব,
উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাউবি'র এস.এস.সি প্রোগ্রামে আপনার আঞ্চলিক
কেন্দ্রাধীন স্টাডি সেন্টারসমূহের ১ম বর্ষে ভর্তি ও ২য় বর্ষে রেজিস্ট্রেশন এবং পুনঃপরীক্ষায়
অংশগ্রহণকারী শিক্ষার্থীদের ফি জমা দানের কার্যক্রম ইতোমধ্যে শেষ হয়েছে। ভর্তি ও
রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের তালিকা আঞ্চলিক কেন্দ্র থেকে প্রাপ্তি সাপেক্ষে পরীক্ষা বিভাগ পরবর্তী
ব্যবস্থা গ্রহণ করে। উক্ত প্রোগ্রামে আপনার আঞ্চলিক কেন্দ্র ও আওতাধীন উপ-আঞ্চলিক কেন্দ্রের
বিভিন্ন স্টাডি সেন্টারে ১ম বর্ষ ভর্তিকৃত এবং ২য় বর্ষে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের তালিকা
(DE-NOVO ও পুনঃপরীক্ষার্থীসহ) একত্রে আগামী ২১/০৬/২০১৭ তারিখের মধ্যে
exam.cu@gmail.com ও exam.cu@bou.edu.bd এই ঠিকানায় Soft Copy এবং Hard
Copy বই আকারে বাঁধাই করে (প্রেরণ করে না থাকলে) পরীক্ষা বিভাগে প্রেরণ করার জন্য
অনুরোধ করা হ'ল।

তথ্যাদি প্রেরণের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো অনুসরণ করতে হবে;

- ১। স্টাডি সেন্টার এর ক্রম অনুযায়ী ভর্তিকৃত শিক্ষার্থীদের পরিসংখ্যান;
- ২। প্রেরিত Hard Copy এর প্রতি পৃষ্ঠায় আঞ্চলিক পরিচালক এর স্বাক্ষর থাকতেই হবে।


ধন্যবাদসহ



পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বিতরণ: কার্যার্থে



১. পরিচালক (ভারপ্রাপ্ত) এসএসএস বিভাগ, বাউবি (বিষয়টি আঞ্চলিক কেন্দ্র ও উপ-আঞ্চলিক কেন্দ্রের সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণ এবং নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রেরণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।
২. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রের ই-মেইলে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৩. উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক পরিচালক/কো-অর্ডিনেটিং অফিসার, উপ-আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি।
৪. প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।

অনুলিপি: অবগতির জন্য

১. ডীন, ওপেন স্কুল, বাউবি।
২. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সংরক্ষণ নথি।